

জাতিকে উদ্ধার করতে ইসলামী আদর্শের শিক্ষা ব্যবস্থার কোন বিকল্প নেই - শিক্ষামন্ত্রী

প্রেস বিজ্ঞপ্তি : ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের সহযোগী প্রতিষ্ঠান ইসলামী ব্যাংক ফাউন্ডেশন কর্তৃক গতকাল (সোমবার) ইসলামী ব্যাংক টাওয়ারের কনফারেন্স রুমে আয়োজিত কৃতি ছাত্রছাত্রীদের বৃত্তি প্রদান অনুষ্ঠানে ঢাকা মহানগরী ও পার্শ্ববর্তী কয়েকটি জেলার বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মাদ্রাসা, কলেজ ও স্কুল পর্যায়ের মোট ১২৪ জন মেধাবী ও দরিদ্র ছাত্রছাত্রীর মাঝে বৃত্তি প্রদান করা হয়। শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠানে বৃত্তির অর্থ প্রদান করেন। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যান্সেলর ডঃ এন এরশাদুল বারী বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ব্যাংকের বোর্ড অব ডাইরেক্টরসের চেয়ারম্যান শাহ আবদুল হাল্লানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে ভাষণ দেন ব্যাংকের এক্সিকিউটিভ কমিটির চেয়ারম্যান এ এন এম এ জাহের, ডাইরেক্টর ও ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের ছাত্র বৃত্তি কমিটির আহবায়ক অধ্যাপক মুহাম্মদ শরীফ হুসাইন এবং ব্যাংকের এক্সিকিউটিভ প্রেসিডেন্ট আবদুর রকীব। ব্যাংকের বোর্ড অব ডাইরেক্টরসের ডাইস চেয়ারম্যান ও ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের সদস্য সচিব মীর কাসেম আলী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক বলেন, আদর্শ শিক্ষা ব্যবস্থা ও উন্নত চারিত্রিক মূল্যবোধসম্পন্ন শিক্ষার সস্ত্রসারণের প্রয়োজনীয়তা আজ ব্যাপকভাবে গণমানুষের উপলব্ধিকে নাড়া দিয়েছে। সমাজে জগদ্বল পাখরের মত চেপে বসা সন্ত্রাস, খুন, প্রতারণা, অন্যায়, অবিচার ও হতাশার অন্ধকার থেকে এ জাতিকে উদ্ধার করতে ইসলামী আদর্শের শিক্ষা ব্যবস্থার কোন বিকল্প নেই। ইসলামী আদর্শের শিক্ষায় উজ্জীবিত একটি ঐক্যবদ্ধ জাতি গঠন আজ সময়ের দাবীতে পরিণত হয়েছে।

তিনি বলেন, ইসলামী মূল্যবোধ সংরক্ষণ ও বিকাশের জন্য বৃত্তি প্রদানের মাধ্যমে মেধাবী ও দরিদ্র ছাত্রদেরকে উৎসাহিত করার ক্ষেত্রে ইসলামী ব্যাংকের এ উদ্যোগ ও তৎপরতা প্রশংসার যোগ্য। তিনি বলেন, ছাত্ররা আমাদের ভবিষ্যৎ। আগামী দিনের নাগরিক। তাদের সাক্ষরতার মাধ্যমেই আমাদের জাতি গড়ে উঠবে।